গাংনীতে যাত্রী ছাউনি ওএমএস ডিলারের দখলে

মেহেরপুরের গাংনী উপজেলা হাসপাতাল বাজারে জেলা পরিষদের নির্মিত যাত্রী ছাউনি দখল করে ব্যবসা চালিয়ে যাচ্ছে ওএমএস এর এক ডিলার। আন্ত ও দুরপাল্লার বাসের যাত্রী ও পথচারীদের অবস্থানের জন্য যাত্রী ছাউনিটি নির্মাণ করে মেহেরপুর জেলা পরিষদ।

সেখানে বাঁশের বেড়া দিয়ে ঘিরে ওএমএস ডিলার পণ্য বিক্রিতে আন্ত ও দুরপাল্লার পথের যাত্রীরা অবস্থানের সুযোগ বঞ্চিত হচ্ছেন। ঝড় বৃষ্টির মধ্যে সেখানে যাত্রীরা অবস্থান করতে না পেরে আশপাশে খোলা আকাশের নিচে অবস্থান করতে বাধ্য হচ্ছে। যাত্রী ছাউনির আশপাশের দোকানদাররা জানান- হাসপাতালে চিকিৎসা নিয়ে অনেক রোগি বাসের জন্য অপেক্ষা করে এই ছাউনিতে। রোগিদের এখন বাইরে অবস্থান করতে হচ্ছে।

যাত্রী ছাউনির পাশের এক ব্যবসায়ী নাম প্রকাশে অনিচ্ছা প্রকাশ করে জানান- তপ্ত রোদের মধ্যে যাত্রীরা খোলা আকাশের নিচে অবস্থান করে বাসের জন্য। পথচারীরাও বিশ্রাম নেন এই যাত্রী ছাউনিতে। তিনি আরও জানান, রবীউল ইসলাম একজন প্রভাবশালী মানুষ। তার বিরুদ্ধে কেউ কথা বলার সাহস করেনা। পাবনাগামি বাসের জন্য গাংনীর হিতিমপাড়ার রহমত আলী শিশু সন্তান ও পরিবারের লোকজনসহ আসবাবপত্র নিয়ে যাত্রী ছাউনির পাশে অবস্থান করছিলেন। জানতে চাইলে তিনি বলেন- উপজেলা পরিষদের সামনে এভাবে দখল করে পন্য বিক্রি কী প্রশাসন দেখতে পান। ডিলার প্রভাবশালী হবার কারণেই

উপজেলা প্রশাসন কোন ব্যবস্থা নেন না। দখলদার ওএমএস ডিলার রবীউল ইসলাম জানান- সরকারি পণ্য সরকারি জায়গায় বিক্রি করা হচ্ছে জনসাধারণের কাছে । ব্যক্তিগতভাবেতো সুবিধা ভোগ করছিনা। এটাকে দখল বলা যাবে না।